

দ্বিগুণ হচ্ছে শিক্ষকদের উৎসব ভাতা


ইত্তেফাক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ১৪ এপ্রিল ২০২৬, ২৩:২৩



প্রতীকী এআই ছবি

বেসরকারি এমপিওভুক্ত শিক্ষকদের উৎসব ভাতা মূল বেতনের ৫০ শতাংশ থেকে বাড়িয়ে ১০০ শতাংশে উন্নীত করার আশ্বাস পুনর্ব্যক্ত করেছেন শিক্ষামন্ত্রী ড. আন ম এছানুল হক মিলন। মঙ্গলবার (১৪ এপ্রিল) এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এই প্রতিশ্রুতি দেন।

 [দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন](#)

শিক্ষামন্ত্রী জানান, আগে এই ভাতা ২৫ শতাংশ থেকে বাড়িয়ে ৫০ শতাংশ করা হয়েছিল এবং এখন সেটিকে পূর্ণাঙ্গভাবে ১০০ শতাংশে উন্নীত করা সরকারের দায়িত্ব।

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ছাড়াও উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী মো. আব্দুল বারী এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম। ড. এছানুল হক মিলন বলেন, দেশের শিক্ষাব্যবস্থার উন্নয়ন এবং শিক্ষকদের মর্যাদা রক্ষা করা বর্তমান সরকারের অন্যতম অগ্রাধিকার। অতীতে বিভিন্ন সরকার শিক্ষকদের জন্য নানা উদ্যোগ নিলেও সেগুলো পুরোপুরি বাস্তবায়িত হয়নি, যা বর্তমান সরকার সম্পন্ন করার পরিকল্পনা হাতে নিয়েছে।

শিক্ষামন্ত্রী তাঁর বক্তব্যে উল্লেখ করেন যে, শিক্ষার্থীদের মানবিক ও সুশিক্ষিত নাগরিক হিসেবে গড়ে তোলার জন্য শিক্ষকদের আর্থিক ও পেশাগত নিরাপত্তা নিশ্চিত করা জরুরি। শিক্ষা খাতে বিদ্যমান সমস্যাগুলো পর্যায়ক্রমে সমাধান করা হবে বলেও তিনি আশ্বাস দেন। একই সাথে তিনি শিক্ষা, কৃষি ও স্বাস্থ্য—এই তিন খাতকে সমন্বিতভাবে এগিয়ে নেওয়ার ওপর গুরুত্বারোপ করেন।

অনুষ্ঠানে দেশের কৃষি উন্নয়ন ও কৃষকদের মর্যাদা নিশ্চিত করার লক্ষ্যে নেওয়া বিভিন্ন পদক্ষেপের কথা উল্লেখ করেন শিক্ষামন্ত্রী। তিনি আশাবাদ ব্যক্ত করে বলেন, সরকারের চলমান এসব উদ্যোগের ফলে শিক্ষাব্যবস্থায় ইতিবাচক পরিবর্তন আসবে এবং শিক্ষকদের দীর্ঘদিনের দাবিগুলো পর্যায়ক্রমে বাস্তবায়িত হবে। এর ফলে শিক্ষকদের উৎসব ভাতা দ্বিগুণ হওয়ার বিষয়টি এখন বাস্তবায়নের অপেক্ষায় রয়েছে।